



ISO 9001:2015 CERTIFIED

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি

RAJSHAHI PALLI BIDYUT SAMITY

জেনারেল ম্যানেজারের কার্যালয়
নওহাটা, রাজশাহী।

ফোন- ৮৮-০২৪৭-৮০০১২০

E-mail- rajpbshq@gmail.com

Web- www.pbs.rajshahi.gov.bd

স্মারক নং- ২৭.১২.৮১৭২.৫৪৯.০১.০০৭.২৩. ১৫৬০

তারিখঃ ২৪ বৈশাখ, ১৪৩০বং:
৭ মে, ২০২৩খি:

বিষয়ঃ “পবিসের সদর দপ্তর এর স্টোরে ট্রান্সফরমার তৈলের খালী ড্রাম নিলামে বিক্রয়ের জন্য পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর এর স্টোরে ট্রান্সফরমার তৈলের খালী ড্রাম যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিম্নোক্ত বিবরণ মোতাবেক ড্রামসমূহ নিলামে বিক্রয়ের জন্য নিম্নে বর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	পরিমাণ	দরদাতা কর্তৃক উদ্ধৃত একক নিলাম মূল্য (টাকা)	দরদাতা কর্তৃক উদ্ধৃত মোট নিলাম মূল্য (টাকা)
০১	ট্রান্সফরমার তৈলের খালী ড্রাম	৫০টি		
সর্বমোট=				

কথায়ঃ (-----)।

শর্তাবলীঃ

- ০১। সিলমোহরকৃত খাম, আগামী ১১-০৫-২০২৩খিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকা-এ বা এর পূর্বে কোটেশন (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা খিলক্ষেত, ঢাকা -১২২৯ ও (খ) রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি, নওহাটা, রাজশাহী এ দাখিল করতে হবে। নিলাম দরপত্রের খামে নিলাম দরপত্র দাখিল করতে হবে। নিলাম দরপত্র ১১-০৫-২০২৩খিঃ তারিখ বেলা ১১.৩৫-এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
- ০২। বিজ্ঞপ্তি অত্র সমিতির ওয়েব সাইট Web- www.pbs.rajshahi.gov.bd এ পড়তে পারবেন।
- ০৩। দরপত্রের সহিত রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে উদ্ধৃত নিলাম দরের ২৫% (শতকরা পঁচিশ) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জামানত হিসেবে সংযুক্ত করতে হবে।
- ০৪। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। নিলাম দরপত্রের খামের উপর স্পষ্ট করে “ট্রান্সফরমার তৈলের খালী ড্রাম নিলাম দরপত্র” কথাটি লিখতে হবে।
- ০৫। অফিস চলাকালীন সময়ে মালামালসমূহ রাজশাহী পল্লী বিদ্যুৎ সমিতি নওহাটা, এর ক্যাম্পাসে “নিলামে বিক্রয়ের জন্য” ট্রান্সফরমার তৈলের খালী ড্রামসমূহ পরিদর্শন করা যাবে।
- ০৬। দরপত্রে অংশ গ্রহণকারী সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ০৭(সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য বাবদ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ/বুকে নিতে হবে। অন্যথায়, দরপত্রের সাথে প্রদত্ত জামানত অত্র সমিতির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- ০৭। সরকারী নিয়মানুযায়ী সর্বোচ্চ দর নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর ভ্যাট ও উৎস কর পরিশোধ করতে হবে।
- ০৮। নিলাম দরপত্রে উল্লেখিত শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সে ক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।
- ০৯। যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ১০। কার্যাদেশ প্রদানের সময় মালামালের পরিমাণ কম বা বেশী হতে পারে।
- ১১। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

৯/৫/২৩
(রমেন্দ্র চন্দ্র রায়)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, (আইসিটি) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে দেওয়ার অনুরোধ সহ)
- ০৩। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৪। পুলিশ সুপার, রাজশাহী।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -----পবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, রাজশাহী।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, পবা, রাজশাহী।
- ০৯। এজিএম (অর্থ-হিসাব), রাজশাহী পবিস।
- ১০। নোটিশ বোর্ড, রাজশাহী পবিস।
- ১১। **Web-<http://pbs.rajshahi.gov.bd>** এজিএম (আইটি), রাজশাহী পবিস (ওয়েব সাইটে প্রকাশ করবেন)।
- ১২। অফিস/মাস্টার কপি।

০৭.০৫.২৩
(মোঃ আব্দুল খালেক)
এজিএম(প্রশাসন)